

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩  
৩৭/৩/এ, ইফাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৩.১৮-৩৬৪

তারিখ: ২৩.০৫.২০১৮ খ্রি।

বিষয়: বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন দক্ষিণ কাজলকাঠী মোহসেনিয়া আলিম মাদরাসার অধ্যক্ষ জনাব জনাব মো: লুৎফর রহমান এর প্রভাষক পদে নিয়োগ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য মাদরাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: (১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, বাকেরগঞ্জের স্মারক নং-উ:মা:শি: বাকের/বরি/১৮/২১১

তারিখ: ২২.০৫.২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল কর্তৃক সূত্রোক্ত ১নং স্মারকে একখানা আবেদন এ অধিদপ্তরে দাখিল করা হয়।

০২. দাখিলকৃত আবেদনে ইসলামিক স্টাডিজ বিষয়ের সহকারী অধ্যাপক/প্রভাষক গণ মাদরাসার অধ্যক্ষ পদে প্রার্থী হতে পারবেন কি-না- এ বিষয়ে মতামত চাওয়া হয়েছে।

০৩. বর্ণিত বিষয়টি সুরাহা করার নিমিত্ত দক্ষিণ কাজলকাঠী মোহসেনিয়া আলিম মাদরাসার অধ্যক্ষ জনাব মো: লুৎফর রহমান এর প্রভাষক পদে নিয়োগ সংক্রান্ত নিম্নোক্ত তথ্য প্রয়োজন-

(ক) জনাব মো: লুৎফর রহমান এর প্রভাষক পদে নিয়োগের নিমিত্ত নিয়োগ বিজ্ঞপ্তির (পত্রিকার) মূল কপি।

(খ) জনাব মো: লুৎফর রহমান এর প্রভাষক পদে নিয়োগ কমিটি/বোর্ড কর্তৃক সুপারিশকৃত ফলাফল শীটের মূল কপি।

(গ) জনাব মো: লুৎফর রহমান এর প্রভাষক পদে নিয়োগ পত্র প্রদানের নিমিত্ত গভর্নিং বডি কর্তৃক রেজুলেশনের মূল কপি।

(ঘ) জনাব মো: লুৎফর রহমান এর প্রভাষক পদের বিপরীতে নিয়োগ কমিটি/বোর্ড কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের গভর্নিং বডি কর্তৃক প্রদত্ত নিয়োগ পত্রের মূল কপি।


(ঙ) গভর্নিং বডি কর্তৃক প্রদত্ত নিয়োগ পত্রের আলোকে জনাব মো: লুৎফর রহমান এর প্রভাষক পদে যোগদান পত্রের মূল কপি।

(চ) নিয়োগ প্রাপ্তির পর সংশ্লিষ্ট পদে যথাযথ কর্তৃপক্ষ বরাবর এমপিও প্রাপ্তির নিমিত্ত আবেদন পত্র।

(ছ) শিক্ষাগত যোগ্যতার সনদের কপি।

০৪. ইসলামিক স্টাডিজ বিষয়ের সহকারী অধ্যাপক/প্রভাষক গণ মাদরাসার অধ্যক্ষ পদে প্রার্থী হতে পারবেন কি-না- এ বিষয়টি সুরাহার নিমিত্ত উপরিউক্ত তথ্য প্রয়োজন।

০৫. এমতাবস্থায় বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন দক্ষিণ কাজলকাঠী মোহসেনিয়া আলিম মাদরাসার অধ্যক্ষ জনাব জনাব মো: লুৎফর রহমান এর প্রভাষক পদে নিয়োগ সংক্রান্ত উপরিউক্ত তথ্য আগামী ০৩.০৬.২০১৮ খ্রি:তারিখের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণ নিশ্চিতকরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
23.05.18  
(মো: আফাজ উদ্দিন)

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং- ৪১০৩০১৬৭

ই-মেইল-[dgdmeb@gmail.com](mailto:dgdmeb@gmail.com)

১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল  
অনুলিপি:

০১. সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, পরিবহনপুল, ৯ম তলা, ঢাকা।

০২. উপ পরিচালক, মাউশি অধিদপ্তর, বরিশাল অঞ্চল।

০৩. জেলা শিক্ষা অফিসার, বরিশাল।

০৪. অফিস কপি।